দৈনিক খবর

তারিখ ... 3 1 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

147

# স্কুল ভবন পুনঃনির্মাণে এডিবির দেড় কোটি ডলার ঋণ

বাসস জানায়ঃ বাংলাদেশের ক্ষতিগ্রস্ত স্কুল ভবন পুনঃনির্মাণ ও পুনর্বাসনের জন্যে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ১ কোটি ৫০ লাখ ডলারের ঋণ অনুমোদন করেছে। এডিবি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল শুক্রবার জানানো হয় যে, সুদমুক্ত এ ঋণের ওপর বাৎসরিক শতকরা ১ ভাগ সার্ভিস চার্জ থাকবে এবং ৪০ বছরে তা পরিশোধ করতে হবে। তার মধ্যে ১০ বছর "বর্ধিত সময়" হিসেবে বিবেচিত। এশীয় উন্নয়ন তহবিল থেকে এ ঋণ দেয়া হবে। ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে চট্টগ্রাম ও খুলনা বিভাগের ক্ষতিগ্রস্ত সরকারী প্রাথমিক ও সকল মাধ্যমিক বিদ্যালয়সমূহে আসবাবপত্র, যন্ত্রপাতি সরবরাহের লক্ষ্যে এ প্রকল্প প্রণয়ন করা হয়েছে।